



বাংলাদেশ  
রাষ্ট্রপতি  
Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
প্রশাসন- ২ অধিশাখা  
[www.mopme.gov.bd](http://www.mopme.gov.bd)

**বিষয়ঃ** সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির তৃয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোছাঃ নুরজাহান খাতুন যুগ্মসচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
স্থান	:	যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের দপ্তর।
তারিখ	:	২৩.০৩.২০২৩ খ্রি:
সময়	:	বেলা ১১:০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ: স্বাক্ষরের ক্রমানুসারে (পরিশিষ্ট-ক)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সেবা প্রদান প্রতিশুভি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.২ সেবা প্রদান প্রতিশুভি সিক্কাত সঠিকভাবে মূল্যায়ন হচ্ছে কিনা তা পরীক্ষা-নিরীক্ষার জন্য কমিটির সভাপতিসহ অন্যান্য সদস্যগণ কর্তৃক এ মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার কর্মকর্তাদের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গুর সংক্রান্ত নথি পরীক্ষা করা হয়। নথিটি পরীক্ষাতে দেখা যায় যে, প্রকৌশলী মু: শহীদুল ইসলাম, প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গুরির আবেদনের প্রস্তাৱ নির্ধারিত ফরমে মন্ত্রণালয়ের শাখায় ০৩/০১/২০২৩ তারিখে গৃহীত হয়েছে। ০৪/০১/২০২৩ তারিখে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। অনুমোদনের পর ০৮/০১/২০২৩ তারিখে তার শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঙ্গুরির সরকারি আদেশ জারি করা হয়েছে এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় পত্র প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যেই কাজটি সম্পাদন করা হয়েছে।

০২। কমিটির সভাপতিসহ অন্যান্য সদস্যগণ কর্তৃক এ মন্ত্রণালয়ের বিদ্যালয়-২ শাখার বাংলাদেশী শিশুদের বিদেশে লেখাপড়ার জন্য এনওসি প্রদান সংক্রান্ত নথি পরীক্ষা করা হয়। নথিটি পরীক্ষাতে দেখা যায় যে, জনাব আব্দুল আওয়াল এর বিদেশে লেখাপড়ার জন্য সার্টিফিকেট সত্যায়নের আবেদন মন্ত্রণালয়ের শাখায় ১২/০৩/২০২৩ তারিখে গৃহীত হয়েছে। ১৩/০৩/২০২৩ তারিখে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। অনুমোদনের পর ১৩/০৩/২০২৩ তারিখে তার সার্টিফিকেট সত্যায়ন করা হয়েছে। এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় আবেদন প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যেই কাজটি সম্পাদন করা হয়েছে। উল্লেখ্য, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিটিজেন চার্টারে বাংলাদেশী শিশুদের বিদেশে লেখাপড়ার জন্য এনওসি প্রদানের কথা উল্লেখ থাকলে বর্তমানে এনওসি প্রদান না করে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়ন করে দেয়া হয়। সিটিজেন চার্টার হালনাগাদ করা প্রয়োজন।

০৩। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সেবা প্রদান প্রতিশুভি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণের ক্ষেত্রে অভিযোগ প্রতিকার ও তথ্য প্রদান সংক্রান্ত বিষয় সেবা হিসেবে অন্তর্ভুক্ত না করা এবং সিটিজেন চার্টারে উল্লেখিত সেবা প্রদানের সময়সীমাকে কার্যদিবসে রূপান্তর করার বিষয়ে আলোচনা করা হয়।

০৪। এছাড়াও সেবা প্রদান প্রতিশুভি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১.৪ এ “ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশুভি হালনাগাদকরণের বিষয়টি নিয়ে বিভাগিত আলোচনা হয়। আলোচনায় সভার সদস্যগণ সেবা প্রদান প্রতিশুভি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ করে ওয়েবসাইটের সেবা বর্কে আপলোড নিশ্চিত করার বিষয়ে একমত গোষণ করেন।

০৫। বর্ণিত বিষয়ে সভায় আলোচনাতে নিম্নবৃপ্তি সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) সিটিজেন চার্টার এর নাগরিক সেবার ২নং ক্রমিকে উল্লেখিত “বাংলাদেশী শিশুদের বিদেশে লেখাপড়ার জন্য এনওসি প্রদান” সেবাটি বর্তমানে এনওসি’র পরিবর্তে সত্যায়ন করা হয়। সুতরাং সিটিজেন চার্টারের উল্লেখিত সেবা সংক্রান্ত তথ্য হালনাগাদ করতে হবে।

(খ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সিটিজেন চার্টার এর নাগরিক সেবার ১নং ক্রমিকে উল্লেখিত “তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নাগরিকদের চাহিদা মোতাবেক তথ্য প্রদান” সেবাটি বাদ দিয়ে হালনাগাদ করতে হবে।

(গ) সিটিজেন চার্টারে উল্লেখিত সেবা প্রদানের সময়সীমাকে কার্যদিবসে বৃপ্তান্ত করতে হবে।

(ঘ) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটের সেবা বক্সে আপলোড মিশ্চিত করতে হবে।

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৩/০৩/২০২৩ ইং

(মোছাঃ নূরজাহান খাতুন)

যুগ্মসচিব (প্রশাসন)

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

নম্বর ৩৮.০০.০০০০.০০২.৩৪.০০১.২২-৩৯৫

তারিখঃ ০৯ চৈত্র ১৪২৯  
২৩ মার্চ ২০২৩

বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
২. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যৱৰো, ডেজগাও শিল্প এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৬. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব (প্রশাসন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. অফিস কপি।

১৩/০৩/২০২৩  
(ড. বিলকিস বেগম)

উপসচিব

ফোনঃ ৫৫০০৯২৮

ই-মেইলঃ dsad2@mopme.gov.bd